আলমডাঙ্গা অফিসার্স ওয়েল ফেয়ার ক্লাবের পক্ষ থেকে ওসিকে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা উপজেলা অফিসার্স ওয়েল ফেয়ার ক্লাবের পক্ষ থেকে আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মুন্সি আসাদুজ্জামানকে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে।
গতকাল সাড়ে ১১টার দিকে উপজেলা পরিষদ হলরুমে বিদায় সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন অফিসার্স ক্লাবের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন একজন অফিসার যোগদান করার ৮ মাসের মধ্যে বদলী হলে সে কাজ করবে কি ভাবে, একজন ভাল মানুষ হিসেবে আসাদুজ্জামানের সুনাম ছিল, আমি তার মঙ্গল কামনা করছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সম্পাদক সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, প.প. কর্মকর্তা হাসানুজ্জামান, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুজ্জামান, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, মৎস কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আখি, উপজেলা শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: আব্দুল্লাহিল কাফি, জেলা ইউপি চেয়ারম্যান সমিতির সভাপতি নুরুল ইসলাম, সম্পাদক এ্যাড: আব্দুল মালেক, উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু, টিএইএ ডা. হাদী জিয়াউদ্দিন আহম্মদ, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক, মৎস স¤প্রসারণ কর্মকর্তা আব্দুল মালেক প্রমুখ।

উল্লেখ্য ওসি আসাদুজ্জামান চুয়াডাঙ্গা এসপি অফিসে বদলী হয়েছেন। সে বক্তব্য রাখতে গিয়ে বলেন আমি আলমডাঙ্গা উপজেলায় চাকরি করে সথেষ্ট স্বাচ্ছন্দ বোধ করেছি। অত্র উপজেলার মানুষের সাথে কাজ করে যথেষ্ট শিক্ষা লাভ করতে সক্ষম হয়েছি, আমি আলমডাঙ্গার কথা

চিরদিন স্বরন রাখব।

উপজেলা নির্বাহী অফিসার বলেন আমরা চাকরি করতে গিয়ে প্রথমেই শপথ করি চাকরির স্বার্থে যে কোন জায়গায় বদলি করলে চারকির স্বার্থে সেখানেই যাব, থানা অফিসার ইনচার্জ খুব দায়িত্ববান ছিলেন, সব সময় সহযোগীতা পেয়েছি, খুব ভাল মানুষ ছিলেন, আমি তার সার্বিক মঙ্গল কামনা করি। আলমডাঙ্গার চুয়াডাঙ্গাতেও সঠিক ভাবে দায়িত্ব পালন করবেন। অনুষ্ঠান শেষে অফিসার্স ক্লাবের পক্ষ থেকে তাকে উপহার প্রদান করা হয়।

আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে হেরোইনসহ এক ভারতীয় নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।
গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯ নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন, ভারতীয় পাসপোর্ট ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।

জীবননগর প্রতিনিধি

জীবননগর ও আলমডাঙ্গায় বিশ্ব খাদ্য দিবস ও ইদুর নিধন দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান ও উদ্দীপনার মধ্যে দিয়ে বিশ্ব খাদ্য দিবস ও ইঁদুর নিধোন দিবস পালিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০টায় বিশ্ব খাদ্য দিবস ও ইঁদুর নিধোন দিবস উপলক্ষে উপজেলা পরিষদ থেকে একটি বর্ণাঢ্য র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা কৃষি প্রশিক্ষণ হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ

সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন,উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার,ফুড অফিসার আঃ খালেক প্রমুখ।আলোচনা সভা শেষে উজেলার শ্রেষ্ঠ কৃষক হিসাবে কৃষক হযরত আলীর হাতে অতিথিগন পুরস্কার তুলেদেন ।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন নজরুল ইসলাম ।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গা উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইদুর নিধন অভিযান উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আয়ুব হোসেন। তিনি বলেন ঈদুর এমন একটি প্রানী তাদের একক ভাবে নিধন করা সম্ভব নয়,ইদুর আমাদের ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে,বাড়ীতে বাড়ীতে জামাকাপড় কেটে নষ্ট করে,প্রতিবছর এক জোড়া

ইদুর ৩ হাজার ইদুর জন্ম দিতে পারে, এরা প্রতিছর ৫শত মেঃ টন খাদ্যশস্য ধ্বংস করে, তাই আমরা সম্মিলিত ভাবে ইদুর নিধন অভিযানে অংশ নিতে হবে। অনুষ্টানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান সমিতির সাধারন সম্পাদক নুরুল ইসলাম নুরু। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ।

কৃষি সম্প্রসারণ অফিসার সোহেল রানার উপস্থাপনায় বক্তব্য রাখেন সর্বচ্চ ইদুর নিধন করি কৃষক বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী, উপজেলা খাদ্য কর্মকর্তা মোফাক খাইরুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর রহমান, উপজেলা খাদ্য গুদাম রক্ষক আবু বক্কর সিদ্দিক,উপ- সহকারী কৃষি কর্মকর্তা শাহিন রেজা, উপজেলা কৃষি অফিসের এসএপিপিও স্বপন কুমার সিংহ, উপসহকারী কৃষি কর্মকর্তা, নজরুল ইসলাম, শহিদুল ইসলাম, রফিকুল ইসলাম, শর্ষিতা তাবাচ্ছুম, রুপা আক্তার, তহমিনা পারভিন, আমিরুল ইসলাম, রহিমা খাতুন, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর প্রতিনিধি

আলমডাঙ্গায় জাতীয় ইদুর নিধন অভিযান ও বিশ্ব খাদ্য দিবস পালিত

আলমডাঙ্গা উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইদুর নিধন অভিযান উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আয়ুব হোসেন। তিনি বলেন, ঈদুর এমন একটি প্রানী তাদের একক ভাবে নিধন করা সম্ভব নয়,ইদুর আমাদের ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে,বাড়ীতে বাড়ীতে জামাকাপড় কেটে নষ্ট করে,প্রতিবছর এক জোড়া ইদুর ৩ হাজার ইদুর জন্ম দিতে পারে, এরা প্রতিছর ৫শত মেঃটন খাদ্যশস্য ধ্বংস করে,তাই আমরা সম্মিলিত ভাবে ইদুর নিধন অভিযানে অংশ নিতে হবে।

অনুষ্টানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান সমিতির সাধারন সম্পাদক নুরুল ইসলাম নুরু। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ।

কৃষি সম্প্রসারণ অফিসার সোহেল রানার উপস্থাপনায় বক্তব্য রাখেন সর্বচ্চ ইদুর নিধন করি কৃষক বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী, উপজেলা খাদ্য কর্মকর্তা মোফাক খাইরুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর রহমান, উপজেলা খাদ্য গুদাম রক্ষক আবু বক্কর সিদ্দিক,উপ- সহকারী কৃষি কর্মকর্তা শাহিন রেজা, উপজেলা কৃষি অফিসের এসএপিপিও স্বপন কুমার সিংহ, উপসহকারী কৃষি কর্মকর্তা, নজরুল ইসলাম, শহিদুল ইসলাম, রফিকুল ইসলাম, শর্ষিতা তাবাচ্ছুম, রুপা আক্তার, তহমিনা পারভিন, আমিরুল ইসলাম, রহিমা খাতুন, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

-আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে হেরোইনসহ ভারতীয় নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন,ভারতীয় পাসপোর্ট ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।
– জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব খাদ্য দিবস পালিত

‘আমাদের কর্মই আমাদের ভবিষ্যৎ, পুষ্টিকর খাদ্যেই হবে আকাঙ্খিত ক্ষুধামুক্ত পৃথিবী’ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব খাদ্য দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বুধবার সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইয়াহ্ ইয়া খানের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন সিনিয়র সহকারি পুলিশ সুপার আবু রাসেলসহ অন্যরা। সভায়

সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা।

– চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় বিশ্বডিম দিবস উপলক্ষে শিক্ষার্থীদের ডিম খাওয়ালেন জেলা প্রশাসক

আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ বিভাগের উদ্যাগে বিশ্বডিম দিবস পালিত হয়েছে। গতকাল সকাল ১০টার দিকে আলমডাঙ্গা উপজলার ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় বিশ্বডিম দিবস পালন উপলক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজলা নির্বাহী অফিসার মা: লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্তিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম। তিনি বলেন সরকার প্রতি বছর অক্টাবর মাসের দ্বীতিয় শুক্রবার বাংলাদেশে বিশ্বডিম দিবস পালন করে থাকে। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) ইটারন্যাশনাল এগ কমিশনের সঙ্গে সমঝোতা চুক্তির মাধ্যমে বিশ্বের ডিমশিল্পের উন্য়নন একযোগে কাজ করে যাচ্ছে।
এরই পরিপ্রক্ষিতে দিবসটির গুরুত্ব অনুধাবন করে ইটারন্যাশনাল এগ কমিশন ও এফএওর তত্ত্বাবধানে এবং সহযাগিতায় সরকারের প্রাণী সম্পদ অধিদপ্তর, সহ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এবং পাশাপাশি বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে যেমন বাংলাদেশ পোলট্রি শিল্প কেদ্রীয় কমিটি (পাল্ট্রি ইন্ডাষ্ট্রিজ সেট্রাল কাউন্সিল-বিপিআইসিসি), বাংলাদশ অ্যানিমেল অ্যাগ্রিকালচার সোসাইটি সহ অনেক সংগঠন, এবং বিভিন্ন পেশাজীবী সংগঠনর উদ্যাগে বিভিন্ন জেলা ও উপজেলা শহর গুলাতে উৎসাহের সঙ্গে দিবসটি নিয়মিত পালন করে আসছে।
সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্তিত ছিলেন সহকারি কমিশনার ভুমি সীমা শারমিন, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জাহা, সহকারি শিক্ষা কর্মকর্তা সয়দ মাসুদুল ইসলাম, প্রধান শিক্ষক খন্দকার রাকিবুস সালহীন প্রমুখ।

দর্শনায় ক্ষুধামুক্ত বাংলাদেশ সবার জন্য খাদ্য চাই ও খাদ্য অধিকার আইন চাই বিষয়ক আলোচনা সভা

ক্ষুধামুক্ত বাংলাদেশ বিনিমার্ণে সবার জন্য খাদ্য চাই ও খাদ্য অধিকার আইন চাই বিষয়ক গতকাল বিকাল ৪টায় ওয়েভ ফাউন্ডেশন দর্শনা বজই অফিসে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। হাসমত কবিরর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান আলোচক হিসেবে ছিলেন কিতাব আলী।

বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে ১২ থক ১৮ অক্টাবর দশব্যাপী খাদ্য ও পুষ্টি অধিকার ক্যাম্পইন কর্মসূচি বাস্তবায়নের লক্ষে ওয়েভ ফাউন্ডেশন বিভিন কর্মসূচির আয়োজন করেছে।

এসব কর্মসূচির মধ্যে রয়েছে প্রত্যক অফিস কেদ্রিক সকল স্তরের কর্মকর্তা ও কর্দমচারির অংশগ্রহন ক্যাম্পইন লিফলেট নিয়ে সংক্ষিপ্ত আলোচনা এবং ১৬ অক্টাবর বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ ও খাদ্য অধিকার বাংলাদেশের বিভিন্ন জেলা কমিটির উদ্যাগে সকাল ১০টায় জন-যুব জমায়েত, সংক্ষিপ্ত আলোচনা ও র্যালী অনুষ্ঠিত হবে বলে সভায় জানান। এছাড়া সভায় খাদ্য অধিকার আইন চাই দাবী করে বক্তব্য দেন কামরুজ্জামান কামাল, ইন্জিয়ার আব্দুল ওয়াহিদ, আনছার আলী, আওয়াল হাসন, সুরাইয়া, জসমিন আক্তার, লাভলী, সাহান, শাহাবুদ্দিন, মাস্তাফিজুর রহমান, মাসাররফ হাসন, ইঞ্জিনিয়ার খালিদ হাসন, মনির হাসন ও মঈন উদ্দিন প্রমুখ।

দর্শনা প্রতিনিধি:

চুয়াডাঙ্গা গণপরিবহনে চালকদের মোবাইল বক্স প্রদান

‘জীবনের আগে জীবিকা নয়, সড়ক দুর্ঘটনা আর নয়‘ প্রতিপাদ্যকে সামনে রেখে নিরাপদ সড়কের দাবীতে মাসব্যাপি কর্মসূচীর অংশ হিসেবে চুয়াডাঙ্গা গণপরিবহনে চালকদের মোবাইল বক্স প্রদান করা হয়েছে। গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথার বলার কারণে সংগঠিত দুর্ঘটনা হ্রাস করতে এ কর্মসূচী পালন করা হয়। রবিবার বিকালে নিরাপদ সড়ক চাই- নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখা এ কর্মসূচীর আয়োজন করে।
গাড়ি চালকদের মোবাইল ফোন সংরক্ষণের জন্য মোবাইল বক্স বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার। উপস্থিত ছিলেন নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক জাকির হোসেন, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হানিফ উদ্দিন, যুগ্ম-সাধারণ সম্পদাক শামীম আহমেদ বিপ্লব, অর্থ সম্পাদক শামীম হোসেন, দুর্ঘটনা ও গবেষণা বিষয়ক সম্পাদক জামান আখতার ও দপ্তর সম্পাদক মামুন অর রশিদ। এর আগে সংগঠনটি স্থানীয় শহীদ হাসান চত্বরে মানববন্ধন করে।
এ সময় বক্তারা বলেন, নিরাপদ সড়ক বাস্তবায়নের জন্য আইন অনুযায়ী চালক গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথা বলতে পারবেন না। জরুরী ফোন এলে চালকের সহকারী বা সুপারভাইজার ফোনে কথা বলবেন অথবা চালক রাস্তার পাশে গাড়ি থামিয়ে কথা বলবেন। কিন্তু এ আইন বেশিরভাগ ক্ষেত্রে মানা হয় না। এজন্য নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখা শহরের গণপরিবহন গুলোতে মোবাইল ফোর সংরক্ষণের জন্য বিনামূল্যে মোবাইল বক্স প্রদান করছে। চালকরা এ বক্সের যথাযথ ব্যবহার করে সড়ক দুর্ঘটনা হ্রাস করবেন বলে আমাদের প্রত্যাশা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় গৃহবধূকে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে গ্রেপ্তার দুই

চুয়াডাঙ্গা শহরতলীর তালতলা গ্রামে এক গৃহবধূর শরীরে আগুন নিক্ষেপ করে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে দুই যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার মধ্যরাতে পার্শ্ববর্তী এলাকা ইসলামপাড়া থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।
গ্রেপ্তারকৃতরা হলেন, শহরের ইসলামপাড়া এলাকার দোলন মিয়ার ছেলে অরুপ হোসেন (২৬) ও ছানোয়ার হোসেনের ছেলে রিপন হোসেন (২৫)। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফখরুল আলম খান জানান, শহরতলীর তালতলা গ্রামে সন্তান ও বাবা-মায়ের সাথে বসবাস করে মালেশিয়া প্রবাসীর স্ত্রী আফসানা মিমি। প্রায়ই সময়ই তাকে উদ্দেশ্য করে নানা অঙ্গভঙ্গির মাধ্যমে কুপ্রস্তাব দিয়ে আসছিলো পার্শ্ববর্তী এলাকার অরুপ ও রিপন। শনিবার সন্ধ্যায় ওই গৃহবধূ তার বাড়ির গেটে একা দাড়িয়ে ছিলো। এই সুযোগে ওই গৃহবধূকে লক্ষ্য করে অভিযুক্ত দুই যুবক জ্বলন্ত দিয়াশলাইয়ের কাঠি ছুড়ে মারে। এতে তার পরিহিত কাপড় ও বাম হাতের কিছু অংশ পুড়ে যায়। পরে তার চিৎকারে পরিবারের অন্য সদস্যরা ছুটে এসে আগুন নিভিয়ে তাকে উদ্ধার করে হাসপতালে নিয়ে যায়।
ওসি আরো জানান, এ ঘটনায় ভুক্তভোগী প্রবাসীর স্ত্রী আফসানা মিমি বাদি হয়ে দুইজনকে আসামী করে শনিবার রাতে থানায় একটি হত্যাচেষ্টা মামালা দায়ের করেছেন। মামলার পরপরই অভিযুক্ত দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে। রোববার সকালে তাদেরকে আদালতে সোপর্দ করা হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি